

বেরোবি বঙ্গবন্ধু হল থেকে বিপুল পরিমাণ দেশীয় অস্ত্র উদ্ধার

বেরোবি প্রতিনিধি

১৬ আগস্ট,
২০২৪ ০০:৪৪

শেয়ার

অ +

অ -



বেরোবি বঙ্গবন্ধু থেকে বিপুল পরিমাণ দেশীয় অস্ত্র উদ্ধার। ছবি : কালের কণ্ঠ

রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের আবাসিক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলে আনসার বাহিনী, শিক্ষক, সাংবাদিক ও শিক্ষার্থীদের সহায়তায় অস্ত্র উদ্ধার করা হয় এবং পুলিশের কাছে হস্তান্তর করা হয়।

বুধবার (১৪ আগস্ট) রাত ৯টায় দিকে বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলে সাধারণ শিক্ষার্থীদের হল নিরাপদের জন্য অভিযান চালানো হয়। এ সময় চাইনিজ কুড়াল ২টি, দেশীয় ছোট ছুরি ৪টি, চেইন ২টি, রড ১০টি, মদের বোতল ৬টি, প্লাস্টার ৫টি, হেলম্যাট ১টি, স্ট্যাম্প ১টি, লাঠি ২টি, পাইপ ২টি উদ্ধার করা হয়।

বৃহস্পতিবার (১৫ আগস্ট) সন্ধ্যা ৭টায় বঙ্গবন্ধু হলে সহকারী প্রভোস্ট হারুন আল রশিদের উপস্থিতিতে তাজহাট থানা কাছে অস্ত্রগুলো হস্তান্তর করা হয়।

বিশ্ববিদ্যালয়ের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের সহকারী প্রভোস্ট ড. হারুন আল রশীদ বলেন, ‘শিক্ষার্থীদের দাবির প্রেক্ষিতে হল নিরাপদ রাখতে বিশ্ববিদ্যালয় প্রশাসন, হল প্রশাসন, আনসার ও শিক্ষার্থীদের প্রতিনিধি নিয়ে সন্দেহ যুক্ত রুমে অভিযান চালানো হয়। রুমগুলো থেকে দেশীয় অস্ত্র ও মদের বোতল জব্দ করা হয়। আজ সেগুলো তাজহাট থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে।

সাধারণ শিক্ষার্থীরা বলেন, বিশ্ববিদ্যালয়ের হলে এই রকম অস্ত্র পাওয়া যাবে কেউ ভাবতে পারেনি।

যারা এই অস্ত্র নিয়ে এসেছে তারা আবু সাঈদ হত্যার সঙ্গে জড়িত। তাদের সর্বোচ্চ শাস্তি দাবি করছি। আর যাতে কেউ এরকম অপরাধনীতি করতে না পারে সেদিকে বিশ্ববিদ্যালয় প্রশাসন বিশেষ নজর রাখবে।

এদিকে বিশ্ববিদ্যালয়ের আরেকটি হল শহীদ মুখতার ইলাহী হলের প্রভোস্ট মীর শাহীনুর রহমান ও ৭ জন সহকারী প্রভোস্ট পদত্যাগ করায় অভিযান চালানো সম্ভব হয়নি।

